# মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।

স্মারক নং-এমপিঃ-১০/২০২৬/৮৩ তারিখঃ ০৩/০২/২০২৬ খ্রিঃ

## হাট-বাজার ও বাস টার্মিনাল ইজারা বিজ্ঞপ্তি নং- ১/২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,ঝিনাইদহ জেলাধীন মহেশপুর পৌরসভার নিম্ন বর্ণিত হাট-বাজার সমূহ ও ১টি বাস টার্মিনাল বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্টানের নিকট হতে পৌরসভার নির্দিষ্ট দরপত্র সিডিউলে উল্লেখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১। **দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান ঃ**

দরপত্র সিডিউল,দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত(বন্ধের দিন ব্যতিত) অফিস চলা কালীন সময়ে নিম্ন বর্ণিত অফিস/কার্যালয় হতে নির্ধারিত (অফেরৎ যোগ্য)মূল্যে পাওয়া যাবে। ক) জেলা প্রশাসকের কার্যালয়,ঝিনাইদহ খ) পুলিশ সুপারের কার্যালয়, ঝিনাইদহ গ) উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর,ঝিনাইদহ, ঘ) সহকারী কমিশনার (ভুমি) মহেশপুর,ঝিনাইদহ এবং ঙ) মহেশপুর পৌরসভা কার্যালয়,মহেশপুর,ঝিনাইদহ।

১। **দরপত্র সিডিউল দাখিল ও খোলার তারিখ ঃ**

দরপত্র সিডিউল নিম্ন বর্ণিত নির্ধারিত তারিখ সকাল ৯-০০ ঘটিকা হইতে দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত দরপত্র সমুহ ক) জেলা প্রশাসকের কার্যালয়,ঝিনাইদহ এবং খ) নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিনই বেলা ৩-০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কোন দরপত্র দাতা উপস্থিত থাকেন) খোলা হবে।

১ম বারের টেন্ডারে কোন হাট-বাজার বা বাস টার্মিনালের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২য় বার ঐ হাট-বাজার বা বাস টার্মিনালের নাম বাদ দেওয়া হবে এবং ২য় বারের টেন্ডারে অনুমোদিত হইলে ৩য় বার ঐ হাট-বাজার বা বাস টার্মিনালের নাম বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। এ জন্য আলাদা ভাবে কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না।

হাট-বাজার ও বাস টার্মিনাল ইজারা দরপত্র দাখিলের ক্ষেত্রে দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০%(শতকরা একশত) ভাগ অর্থ জামানত হিসেবে এবং দাখিলকৃত দরের অতিরিক্ত ১৫% (শতকরা পনের) ভাগ অর্থ ভ্যাট ও ১০% (শতকরা দশ) ভাগ অর্থ আয়কর হিসেবে প্রশাসক,মহেশপুর পৌরসভার অনুকুলে যে কোন তপশীলভুক্ত ব্যাংক হতে বিডি/সিডি/এসডিআর এর মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ যে,কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়া ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে অত্র পৌরসভা কার্যালয় হতে জানা যাবে।

### ক্যালেন্ডার

### ঃ হাট-বাজার ও বাস টার্মিনালের তফশীল ঃ

| ক্রঃ নং | হাট-বাজার ও বাস টার্মিনালের নামঃ | সিডিউলের মূল্যঃ (অফেরৎ যোগ্য) | দরপত্র বিক্রয়ের শেষ তারিখঃ | | | দরপত্র দাখিলের তারিখঃ | | | সম্ভাব্য সরকারী মূল্যঃ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম বার | ২য় বার | ৩য় বার | ১ম বার | ২য় বার | ৩য় বার | |
| ১। | মহেশপুর দৈনিক কাচা বাজার। | ২,২০০/= | ২৪/০২/২০২৬ | ১০/০৩/২০২৬ | ৩০/০৩/২০২৬ | ২৫/০২/২০২৬ | ১১/০৩/২০২৬ | ৩১/০৩/২০২৬ | ৭,৬০,০০০/= |
| ২। | মহেশপুর দৈনিক খুচরা মাছ,মাংস ও মুরগী বাজার। | ১,০০০/= | " | " | " | " | " | " | ১,৯২,৮০০/= |
| ৩। | মহেশপুর দৈনিক পাইকারী মাছ বাজার। | ২,৪০০/= | " | " | " | " | " | " | ৮,৯০,০০০/= |
| ৪। | মহেশপুর সাপ্তাহিক হাট। | ১,০০০/= | " | " | " | " | " | " | ১,৮৮,৭১৫/৩৩ |
| ৫। | জলিলপুর সাপ্তাহিক হাট। | ১,২০০/= | " | " | " | " | " | " | ২,৯০,২০০/= |
| ৬। | বেগমপুর সাপ্তাহিক হাট। | ৫০০/= | " | " | " | " | " | " | ৬৫,০০০/= |
| ৭। | গোপালপুর বালি বাজার সাপ্তাহিক হাট। | ৫০০/= | " | " | " | " | " | " | ১,২৯,৮০৫/৮৩ |
| ৮। | গাড়াবড়ীয়া সাপ্তাহিক হাট। | ৫০০/= | " | " | " | " | " | " | ২৫,০০০/= |
| ৯। | পাতিবিলা চড়কতলা সাপ্তাহিক হাট। | ৫০০/= | " | " | " | " | " | " | ১,৭৬,০৩৫/৯৬ |
| ১০ | মহেশপুর কেন্দ্রীয় বাস টার্মিনাল। | ১,০০০/= | " | " | " | " | " | " | ১,৪১,৩৩৩/৩৩ |

বিঃ দ্রঃ (মহেশপুর কেন্দ্রীয় বাস টার্মিনালের টোল/ইজারার অর্থ আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র টার্মিনাল এরিয়ার মধ্যে সীমাবদ্ধ থাকবে)।

ঃ শর্তাবলী ঃ

১। হাট-বাজার ও বাস টার্মিনাল ইজারা দরপত্র দাখিলের ক্ষেত্রে দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০%(শতকরা একশত) ভাগ অর্থ জামানত হিসেবে এবং দাখিলকৃত দরের অতিরিক্ত ১৫% (শতকরা পনের) ভাগ অর্থ ভ্যাট ও ১০% (শতকরা দশ) ভাগ অর্থ আয়কর হিসেবে প্রশাসক,মহেশপুর পৌরসভার,ঝিনাইদহ এর অনুকূলে যে কোন তপশীলভুক্ত ব্যাংক হতে বিডি/সিডি/এসডিআর এর মাধ্যমে জমা দিতে হবে।

২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর সংশ্লিষ্ট হাট-বাজার ও বাস টার্মিনাল পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় মূল্যের সাথে অতিরিক্ত সরকারী ভাবে জারীকৃত মূল্য যোগ করিয়া সরকারী মূল্য নির্ধারণ করা হ'ল। ইজারা মূল্য যদি সরকারী মূল্য অপেক্ষা কম হয় তাহলে পূনঃরায় ২য় বার দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত দর পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা কম হয় তাহলে পূনঃরায় ৩য় বার দরপত্র আহবান করা হবে। ৩য় বার দরপত্র আহবান সত্বেও সরকারী ইজারা মূল্য অপেক্ষা কম হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৩। এক হাট-বাজার ও বাস টার্মিনাল জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজার ও বাস টার্মিনাল জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজার ও বাস টার্মিনাল দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৪। খামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা এবং হাট-বাজার ও বাস টার্মিনাল নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে এবং দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৫। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার ও বাস টার্মিনাল অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্য কলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৬। যার ইজারা গ্রহণ করা হবে তাকে ৩(তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/=(দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা সংক্রান্ত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৭। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৮। কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

৯। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ও বাস টার্মিনাল ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি জমাকৃত অর্থ ফেরৎ প্রদান করা হবে।

১০। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

06/02/2026

খাদিজা আক্তার
প্রশাসক
মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।

স্মারক নং- এমপিঃ- ১০/২০২৬/৮৬ তারিখঃ ০৬/০২/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হ'ল।

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ,খুলনা।
৩। জেলা প্রশাসক,ঝিনাইদহ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),ঝিনাইদহ।

অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হ'ল।

৫। প্রশাসক,/কোটচাঁদপুর/কালিগঞ্জ/ শৈলকুপা/হরিনাকুন্ডু/ ঝিনাইদহ পৌরসভা, জেলা-ঝিনাইদহ।
৬। উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর/কোটচাঁদপুর/কালিগঞ্জ/ শৈলকুপা/হরিনাকুন্ডু /ঝিনাইদহ, জেলা-ঝিনাইদহ।
৮। জনাব---------------------------------------------------- সদস্য (সকল) মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।
৯। সহকারী কমিশনার (ভূমি) মহেশপুর,ঝিনাইদহ।
১০। অফিসার ইনচার্জ, মহেশপুর থানা, ঝিনাইদহ।
১১। সাব-রেজিষ্টার,মহেশপুর,ঝিনাইদহ।
১২। উপজেলা পোষ্ট-মাষ্টার, মহেশপুর,ঝিনাইদহ।
১৩। সম্পাদক,দৈনিক ------------------------------------------- (আপনার পত্রিকার মাঝের পৃষ্ঠায় ১(এক)দিনের জন্য বিজ্ঞপ্তি প্রচারের নিমিত্তে অনুরোধ করা হ'ল)।
১৪। জনাব--------------------------------------------------------------- ইজারাদার (সকল) মহেশপুর,ঝিনাইদহ।
১৫। অফিস কপি।

06/02/202

খাদিজা আক্তার
প্রশাসক
মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।